



## প্রজ্ঞাপন

নম্বর: ০৫.০০.০০০০.১৪৭.৩৫.০০৬.১৬-২৩০

২২ কার্তিক ১৪২৮  
তারিখ:-----  
৭ নভেম্বর ২০২১

৩৫তম বি.সি.এস. পরীক্ষা, ২০১৪ এর ফলাফলের ভিত্তিতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ০৬-০৯-২০১৬ খ্রি. তারিখের ৮০.২০০.০৬৪.০০.০০.০০৬.২০১৫-২১৩ নং এবং ০৫-০১-২০১৭ খ্রি. তারিখের ৮০.২০০.০৬৪.০০.০০.০০৬.২০১৫ (অংশ-৩)/০৫ নং পত্রের সুপারিশক্রমে এ প্রজ্ঞাপনের ৩ নং অনুচ্ছেদে বর্ণিত প্রার্থীকে বাংলাদেশ সিভিল সার্ভিস (স্বাস্থ্য) ক্যাডারে সহকারী সার্জন হিসেবে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুসারে টাকা ২২০০০-৫৩০৬০/- বেতনক্রমে নিয়মিত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

(ক) তাকে লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে অথবা সরকার কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে বুনিয়ে প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(খ) উক্ত বুনিয়ে প্রশিক্ষণ সমাপনান্তে তাকে জির চাকরি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সরকার যেসুপ স্থির করবে সেসুপ পেশাগত ও বিশেষ ধরনের প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(গ) তাকে ০২ (দুই) বছর শিক্ষানবিস হিসাবে কাজ করতে হবে। প্রয়োজনে সরকার এ শিক্ষানবিসকাল অনূর্ধ্ব দুই বছর বর্ধিত করতে পারবে। শিক্ষানবিসকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাকে চাকরি হতে অপসারণ করা যাবে;

(ঘ) উপানুচ্ছেদ (ক) ও (খ) এ উল্লিখিত প্রশিক্ষণ সাফল্যের সাথে সমাপন, বিতাণীয় পরীক্ষায় উত্তীর্ণ এবং শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে তাকে চাকরিতে স্থায়ী করা হবে;

(ঙ) উপানুচ্ছেদ (ক)-এ উল্লিখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাকে একজন জামানতদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিসকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষ্যে উত্তোলিত অগ্রিম/দ্রমণভাতা/অন্যান্য ভাতাদি ও জির প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট এ বন্ড দাখিল করে তাকে প্রশিক্ষণে যেতে হবে;

(চ) জির ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি জির কর্তব্য-কাজে অনুপস্থিত থাকেন, তবে উপানুচ্ছেদ (ঙ) অনুযায়ী জির নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাঙ্ক, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী জির বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ছ) ৩৫তম বি.সি.এস. পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী জির জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(জ) যদি তিনি কোন বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অশীকার্যকর হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(ঝ) চাকরিতে যোগদানকালে তাকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(ঞ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে জির চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক উবিধিতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে জির চাকরি নিয়ন্ত্রিত হবে;

(৩) The Government Servants (Conduct) Rules, ১৯৭৯ এর ১৩(১) উপবিধি অনুযায়ী জির ও জির পরিবারের সদস্যদের মালিকানাধীন/ দখলে থাকা সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র তাকে চাকরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়ে জমা দিতে হবে; এ ছাড়া ১৩ (২) উপবিধি অনুযায়ী প্রতি পাঁচ বছর পর পর ডিসেম্বর মাসে প্রদর্শিত সম্পত্তির হ্রাস/বৃদ্ধির হিসাব বিবরণী যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়ে জমা দিতে হবে;

(৪) এ চাকরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না।

২। অনুচ্ছেদ ১ এ উল্লিখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ৬ অগ্রহায়ণ ১৪২৮/২১ নভেম্বর ২০২১ ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত/পদায়িত কার্যালয়ে যোগদানের জন্য তাকে অনুরোধ করা হলো। ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয় হতে পরবর্তী কোন নির্দেশ না পেলে উল্লিখিত তারিখেই তিনি সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে যোগদান করবেন। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৩। ক্যাডারের নাম : বাংলাদেশ সিভিল সার্ভিস (স্বাস্থ্য)  
পদের নাম : সহকারী সার্জন  
নিয়োগপ্রাপ্ত : ১ (এক) জন

ক্রমিক নং	মেধাক্রম	রেজিস্ট্রেশন নম্বর	নাম
১	৩২৫	৩১৬৬৬১	মাহফুজুর রহমান ধীমান

৪। জনস্বার্থে এ নিয়োগাদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

কে এম আলী আজম  
সিনিয়র সচিব  
জনপ্রশাসন মন্ত্রণালয়

নম্বর: ০৫.০০.০০০০.১৪৭.৩৫.০০৬.১৬-২৩০

তারিখ: ২২ কার্তিক ১৪২৮  
৭ নভেম্বর ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ২। কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল, বাংলাদেশ।
- ৩। সিনিয়র সচিব/সচিব, .....মন্ত্রণালয়/বিভাগ।  
বি.সি.এস. (.....) ক্যাডারে নিয়োগপ্রাপ্ত .....জন প্রার্থীর সংশ্লিষ্ট কাগজপত্রসহ ৩৫তম বি.সি.এস. পরীক্ষার মূল আবেদনপত্র, স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদন ও পুলিশ প্রত্যয়ন প্রতিবেদন এ সাথে প্রেরণ করা হলো। নিয়োগপ্রাপ্ত প্রার্থী যাতে আগামী ৬ অগ্রহায়ণ ১৪২৮/২১ নভেম্বর ২০২১ আবশ্যিকভাবে সংশ্লিষ্ট ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত/পদায়িত কার্যালয়ে যোগদান করতে পারেন, সে লক্ষ্যে যথাসময়ে পদায়ন আদেশ জারি করার প্রয়োজনীয় সকল কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৪। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়/সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়/ সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা/রেস্টুর, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাতার, ঢাকা।
- ৫। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৭। অতিরিক্ত সচিব (এপিডি/প্রশাসন/স ও ব্য/সিপিটি/শৃংখলা ও তদন্ত/আইন/বিধি/সংস্কার ও গবেষণা), জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৮। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৯। যুগ্মসচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ১০। উপসচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ১১। প্রতিমন্ত্রীর একান্ত সচিব (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য), জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ১২। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৩। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (তাকে পরবর্তী গেজেটে প্রজ্ঞাপনটি মুদ্রণপূর্বক উক্ত গেজেটের ১০ (দশ) কপি এবং প্রজ্ঞাপনের ১০ (দশ) কপি নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
- ১৪। উপসচিব, অভ্যন্তরীণ প্রশিক্ষণ-২, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ১৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, লোক প্রশাসন কম্পিউটার কেন্দ্র, জনপ্রশাসন মন্ত্রণালয় (জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো)।
- ১৬। সিনিয়র সহকারী সচিব, মাঠ প্রশাসন-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ১৭। জনসংযোগ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ১৮। জনাব/বেগম.....।

মোঃ মোজাফ্জার রহমান  
উপসচিব  
ফোন: ০২২২৩৩৫৪০০৭